বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।


## ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

(মানিলন্ডারিং প্রতিরোধ সেল)

বিষয়ঃ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC ) এর
২৭-১২-২০১৮ তারিখে অনুষ্ঠিত চলতি অর্থ বছরের ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

মানিলন্ডারিং প্রতিরোধ ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, গাইডলাইনস, বাংলাদেশ ব্যাংক ও কেন্দ্রীয় পরিপালন ইউনিটের নির্দেশনা পরিপালন/বাস্তবায়নের লক্ষ্যে AML/CFT সম্পর্কিত অত্র ব্যাংক কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার নিমিত্তে মহাব্যবস্থাপক আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ এবং ব্যাংকের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) জনাব শেখ মাহমুদ কামাল এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে গত ২৭-১২-২০১৮ তারিখ, বৃহস্পতিবার কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) এর চলতি অর্থ বছরের ২য় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত সদস্য/নির্বাহীগণ উপস্থিত ছিলেন ।

| ক্রঃ নং | নির্বাহী/ কর্মকর্তাগনের নাম | পদবী ও কর্মস্থল | সিসিইউ তে অবস্থান |
|---|---|---|---|
| ০১ | জনাব শেখ মাহমুদ কামাল | মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ এবং প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO), বিকেবি। | সভাপতি |
| ০২ | জনাব রওনক সাদ ফেরদৌসী | উপ-মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ও ডেপুটি প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)। | সদস্য |
| ০৩ | জনাব মনির উদ্দিন | উপ-মহাব্যবস্থাপক, ক্রেডিট বিভাগ-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। | সদস্য |
| ০৪ | জনাব এম এ রউফ ভূইয়া | উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য |
| ০৫ | জনাব আবু জাফর হাওলাদার | উপ- মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা । | সদস্য |
| ০৬ | জনাব জিনাত শাফিন ওয়াদুদ | সহকারী মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক বানিজ্য বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা । | |
| ০৭ | জনাব মোঃ আকতার হোসেন | সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা | |
| ০৮ | জনাব মোঃ ফরিদ হাসান | সিনিয়র সিস্টেম এনাঃ (সহকারী মহাব্যবস্থাপক), আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা | |
| ০৯ | জনাব ফাহমিদা তাবাসসুম | মূখ্য কর্মকর্তা, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। | |
| ১০ | জনাব মাহমুদা নাহার কেয়া | মূখ্য কর্মকর্তা, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা । | |
| ১১ | জনাব কানিজ ফাতিমা | মূখ্য কর্মকর্তা, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। | |
| ১২ | জনাব কবিতা দেবী | সিনিয়র অফিসার, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। | |
| ১৩ | জনাব মোঃ আমজাদ হোসেন | সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য-সচিব |

সভার শুরুতে কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) এর সভাপতি ও CAMLCO মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যকলাপ ও জঙ্গী তৎপরতা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও আলোচিত বিষয় হিসাবে উল্লেখ করেন। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংকগুলোর উপর AML/CFT বিষয়ক বিভিন্ন ধরণের নির্দেশনাসমূহ যথাসময়ে যথাযথভাবে সম্পন্ন করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

সভার শুরুতে গত ২১-১০-২০১৮ তারিখে অনুষ্ঠিত ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করা হয় এবং পরবর্তীতে সভায় এজেন্ডাভিত্তিক উপস্থাপিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

০২। **Independent Testing Procedures/ Self Assessment সংক্রান্ত কার্যাবলী *মূল্যায়ন*ঃ**

বাংলাদেশ ব্যাংকের বিএফআইইউ কর্তৃক জারীকৃত বিএফআইইউ সার্কুলার নং-১৯ তারিখ ১৭-০৯-২০১৭ এর নির্দেশনা অনুযায়ী স্বনির্ধারণী পদ্ধতিতে শাখার অবস্থান নির্ণয় সম্পর্কিত তথ্যের ভিত্তিতে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ শাখার মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ সম্পর্কিত মূল্যায়ন প্রতিবেদন/ Independent Testing Procedures পরিশিষ্ট-গ অনুযায়ী CCC তে প্রেরণ করে থাকে। ৩১/১২/২০১৮ অর্ধবার্ষিক সময়কাল পর্যন্ত আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় কর্তৃক নিরীক্ষিত সকল শাখার **Independent Testing Procedures** প্রতিবেদন সংগ্রহ করার প্রচেষ্টা করতে হবে।

৩১/১২/২০১৮ অর্ধবার্ষিক সময়কাল পর্যন্ত সকল মূখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় কর্তৃক সকল শাখার Self Assessment প্রতিবেদন সংগ্রহ করার প্রচেষ্টা করতে হবে।

*০৩।* **AML System Check সংক্রান্ত ঃ**

প্রতিটি ব্যাংকের AML/CFT সংক্রান্ত রেটিং উন্নয়নে শাখা কর্তৃক গৃহীত ব্যবস্থাদি যাচাই করার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংকের বিভিন্ন শাখায় System Check করা হয়। অত্র ব্যাংকের CCC এর ১(এক) বা ২(দুই) সদস্য বিশিষ্ট টিম কর্তৃক বিভিন্ন শাখায় ইন-হাউজ প্রশিক্ষণ/System চেক কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনা করার সিদ্ধান্ত থাকলেও জনবলের অভাবে চলতি অর্থ বছরে তা করা সম্ভব হয়নি। পরিচালনা পর্ষদের ২৭-০২-২০১৭ তারিখে অনুষ্ঠিত ৬৮০তম পর্ষদ সভায় BAMLCO সহ অন্যান্যদের প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্তের প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় CAMLCO মহোদয়ের তত্ত্বাবধানে বিভাগীয় পর্যায়ে সকল বিভাগীয় মহাব্যবস্থাপকদের আয়োজনে শুক্রবার/শনিবার BAMLCO সহ অন্যান্য কর্মকর্তা/ কর্মচারীদেরকে মানিলন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদানের জন্য গত ২৬/০৯/২০১৮ তারিখের পত্র নং-৫৯৮ এর প্রেক্ষিতে ইতোমধ্যে বিভাগীয় কার্যালয় চট্টগ্রাম ও ময়মনসিংহ এর তত্ত্বাবধানে বিভাগীয় মূখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয় কর্তৃক আয়োজিত শুক্রবার/শনিবার শাখাসমূহের ব্যবস্থাপক/ দ্বিতীয় কর্মকর্তা(BAMLCO) দের মানিলন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত প্রশিক্ষন প্রদান করা হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যালয় সমূহকেও উক্ত প্রশিক্ষন কর্মশালা আয়োজন করার জন্য পরামর্শ দেন। উক্ত প্রশিক্ষন কর্মশালা আয়োজনের জন্য বিভাগীয় কার্যালয় সমূহকে পুনরায় পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া ইন-হাউজ প্রশিক্ষণ/System চেক কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনা করতে হবে (কার্যকরণঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা ও সকল বিভাগীয় মহা-ব্যবস্থাপকগণ)।

পরবর্তী পাতা/০২

০৪। **CTR/STR প্রেরণ সংক্রান্ত ঃ**

(ক) নতুন goAML পদ্ধতিতে Online এ নিয়মিতভাবে মাসিক ভিত্তিতে CTR/STR বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হচ্ছে। পরিপূর্ণ তথ্য সম্বলিত CTR নতুন ফরমে দাখিল করার জন্য ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের ০৬-০৩-২০১৮ তারিখের ১৩৮৮ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হয়েছে। কোন শাখায় CTR/STR যোগ্য লেনদেন থাকা সত্ত্বেও সংশ্লিষ্ট মাসে CTR/ STR রিপোর্ট দাখিল না করার কারণে পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক তা উদঘাটন ও জরিমানা আরোপ করা হলে তার দায়-দায়িত্ব শাখা ব্যবস্থাপক/দ্বিতীয় কর্মকর্তা (BAMLCO)/সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীকে বহন করতে হবে। এছাড়া STR প্রেরণের জন্য ২৮-০১-২০১৮ তারিখের ১১৩৬(১২৫০) নং পত্রে নির্দেশনা দেয়া হয়েছে। বিষয়টি শাখা ব্যবস্থাপকগণ নিয়মিত পর্যবেক্ষণ করবেন। আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি কর্তৃক বিষয়টি মনিটরিং করতে হবে এবং অঞ্চলের কোন শাখায় CTR না থাকলেও নির্ধারিত সময়ের মধ্যে শূণ্য পতিবেদন প্রেরণ করতে হবে (কার্যকরণঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা/মূখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়সমূহ/শাখা ব্যবস্থাপকগণ)।

(খ) goAML পদ্ধতিতে Online এ নিয়মিতভাবে মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে CTR/STR প্রেরণ করার জন্য মাঠ পর্যায় থেকে হার্ড কপি সংগ্রহ করে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক goAML সফট ওয়্যারে পোষ্টিং দিয়ে তা বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হয়। মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক আইসিটি বিভাগকে মৌখিকভাবে নির্দেশনার প্রেক্ষিতে আইসিটি বিভাগ কর্তৃক অনলাইনভুক্ত শাখার CTR/STR প্রস্তুত করার নিমিত্তে শাখার সকল হিসাবসমূহের CIF (Customer Information File) ও হিসাব সংক্রান্ত তথ্যাদি সংযোজন ও সংশোধন করার জন্য ১৪-০৫-১৮ ও ২২-০৫-২০১৮ তারিখের পত্র নং যথাক্রমে ১২০৩ ও ১২৩১ মাঠ পর্যায়ে জারী করা হয়েছে। আইসিটি সিস্টেম বিভাগ কর্তৃক অনলাইনভুক্ত শাখার CTR/STR প্রস্তুত কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। এ কার্যক্রমে শাখা/কার্যালয়সমূহ কর্তৃক গ্রাহকদের সকল হিসাবের তথ্যাদি হাল নাগাদ করতে হবে (কার্যকরণঃ সকল শাখা ব্যবস্থাপক/ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ/আইসিটি সিস্টেম বিভাগ বিকেবি, প্রকা, ঢাকা)।

০৫। **বিবিধ ঃ**

(ক) ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ এর মাধ্যমে বিদেশ থেকে আসা কোন রেমিটেন্স প্রদানের পূর্বেই রেমিটেন্সের প্রেরক এবং গ্রাহক এর নাম জাতিসংঘ নিরাপত্তা পরিষদের বিভিন্ন তালিকার (UNSCRs) আওতাভুক্ত সন্দেহজনক ব্যক্তি/সত্তার নাম এবং দেশীয় সন্ত্রাসীদের তালিকা ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ কর্তৃক অন লাইন শাখার ন্যায় স্বয়ংক্রিয়ভাবে যাচাই করতে হবে।

(খ) ইতোমধ্যে আইসিটি অপারেশন বিভাগ থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ৩১/১০/২০১৮ পর্যন্ত ৪১,৭০,০০০ গ্রাহকের ডাটা সংগৃহিত আছে মর্মে বাংলাদেশ ব্যাংককে অবহিত করা হয়েছে। এছাড়া যশোর ও পিরোজপুর অঞ্চল থেকে ২ টি শাখার গ্রাহকদের ডাটা পাওয়া গিয়েছে। অত্র বিভাগের ২৯/১০/২০১৮ তারিখের পত্র নং ৮৪৩(১২০০) এর মাধ্যমে সকল অফলাইন শাখাসমূহকে গ্রাহকদের মৌলিক তথ্য প্রেরনের জন্য তাগিদপত্র দেয়া হয়েছে। বাংলাদেশ ব্যাংকের তথ্য প্রেরনের লক্ষ্যে সকল অফলাইনভুক্ত শাখাকে গ্রাহকের মৌলিক তথ্য অত্র বিভাগে প্রেরন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় (কার্যকরণঃ সংশ্লিষ্ট সকল শাখা ব্যবস্থাপক / ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে বিকেবি, প্রকা, ঢাকা)।

(গ) মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল ২০১৮ ব্যাংকের পরিচালনা পর্যদেও ৭২৩ তম সভায় অনুমোদিত হওয়ায় উক্ত ম্যানুয়েলটি পুস্তক আকারে সকল শাখা/ কার্যালয়ে প্রেরনের লক্ষ্যে মুদ্রন করার জন্য পদক্ষেপ গ্রহন করতে হবে (কার্যকরণঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে বিকেবি, প্রকা, ঢাকা)।

(ঘ) বাংলাদেশ ব্যাংক, দুদক, কাস্টমস, কর, রাজস্ব ইত্যাদি প্রতিষ্ঠান থেকে চাহিত ব্যাংক হিসাবের তথ্য চেয়ে সকল বিভাগীয় কার্যালয়, স্থানীয় মূখ্য কার্যালয় ও সকল কর্পোরেট শাখা সমূহকে পত্র দেয়া হয়। উক্ত শাখা/কার্যালয় সমূহ থেকে যথাসময়ে জবাব পাওয়া যায় না। এ বিষয়ে যথা সময়ে জবাব প্রেরনের জন্য তাদেরকে পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয় (কার্যকরণঃ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে বিকেবি, প্রকা, ঢাকা)।

০৬। প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) মহোদয় সকলের সক্রিয় অংশ গ্রহণে সভাটি অত্যন্ত প্রানবন্ত ও ফলপ্রসূ হয়েছে উল্লেখ করে CCC এর সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে এবং আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

(শেখ মাহমুদ কামাল) ১/১/১৯

মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ

এবং

প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

প্রকা/আরএমডি/সিসিইউ/২০১৮-২০১৯/ ১২৩১ (১২০০) তারিখঃ ০১/০১/২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গনের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর ( অধ্যক্ষ), স্টাফ কলেজ, বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম বিভাগ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। তাকে পত্রটি বিকেবি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৭। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

১/১/১৯

(রওনক সাদ ফেরদৌসী)

উপ-মহাব্যবস্থাপক

ও

উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)